
ভোরের কাগজ

তারিখ ... SEP 12 1999
পৃষ্ঠা ১২ কলাম ৭

22



*কম্পিউটার সিটি ও মেলার উদ্বোধনী দিনে গতকাল কম্পিউটার নিয়ে মত্ত একদল উৎসাহী স্কুলছাত্র* —ভোরের কাগজ

# বর্ণাঢ্য কম্পিউটার মেলায় উদ্বেল তারুণ্য

কাগজ প্রতিবেদক : কম্পিউটার অনুরাগী ও অনুসন্ধিৎসু বিপুল দর্শকের অংশগ্রহণের মধ্য দিয়ে গতকাল শনিবার থেকে আগারগাঁওয়ের আইডিবি ভবনে শুরু হয়েছে দেশের বৃহত্তম এবং শতাব্দীর শেষ কম্পিউটার মেলা। মেলা শুরুর মধ্য দিয়ে গতকাল থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু হলো দেশের বৃহত্তম স্থায়ী কম্পিউটার মার্কেট বিসিএস কম্পিউটার সিটির।

সকালে অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া ১৫ দিনের মেলা ও কম্পিউটার সিটির উদ্বোধন করেন। উদ্বোধনের পর তিনি মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন। তার সঙ্গে ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীসহ বাংলাদেশ কম্পিউটার সমিতির কর্মকর্তাবৃন্দ। দেশের বেশ কয়েকজন বিশিষ্ট ব্যবসায়ী এবং সংসদ সদস্যও গতকাল মেলায় উপস্থিত ছিলেন।

কম্পিউটার সিটির মোট চারটি ফ্লোরে প্রায় ১ লাখ বর্গফুট এলাকা জুড়ে আয়োজন করা হয়েছে এবারের কম্পিউটার মেলা। প্রবেশ মূল্য ১০ টাকা রাখা হলেও উদ্বোধন উপলক্ষে গতকাল সকালে মেলা সবার জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। বিভিন্ন বয়সের হাজার হাজার দর্শক মেলার স্টলগুলো ঘুরে ঘুরে দেখেন। কম্পিউটার মেলায় এবার প্রায় ১০০টি স্থায়ী শপসহ মোট ১৬০টি স্টল রয়েছে। হার্ডওয়্যার ভেন্ডর, সলিউশন প্রোভাইডার, আইএসপি, সফটওয়্যার ডেভেলপার সবারই স্টল রয়েছে মেলায়। স্টল রয়েছে খাবারের দোকানেরও।

মেলার বড়ো বড়ো স্টলগুলোতে গতকাল দর্শকদের ভিড় বেশি জমে। কম্পিউটার সম্পর্কে তাদের কৌতূহল মেটাতে স্টলগুলোর তরুণ-তরুণী প্রদর্শকরা হিমশিম খেয়ে যায়। বিশ্বখ্যাত কোম্পানিগুলোর লেটেস্ট মডেলের কম্পিউটার ও অন্যান্য সামগ্রীর বিপুল সম্ভার নিয়ে সাজানো হয়েছে মেলার বেশিরভাগ স্টল। কম্পিউটার মেলা ও সিটির এই উদ্যোগের প্রশংসা করে অর্থমন্ত্রী বলেছেন, 'বাংলাদেশ কম্পিউটার সমিতি যুগ পরিবর্তনের ধারায় নিয়ে যাচ্ছে আমাদের।'

সস্ত্রীক মেলা দেখতে এসেছিলেন গতকাল স্কাউটসের ভারপ্রাপ্ত এক্সিকিউটিভ সেক্রেটারি আবুল হোসেন সিকদার। আয়োজনের বিশালত্বে এই দম্পতি বিস্মিত হয়েছেন। তিনি জানালেন, মেলায় আবার আসবেন তাদের বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলেকে সঙ্গে নিয়ে, তার জন্য একটি কম্পিউটার কেনার জন্য।

সানবীম কিন্ডার গার্টেনের কেজি ওয়ানের ছাত্র ফাহিম (৭) এসেছে মেলায় তার বাবার হাত ধরে। মেলায় ঘুরে দু দুটো স্টলে সে দুটো গেমস খেলেছে কম্পিউটারে। আবার মেলায় আসবে বলে জানালো সে। তরুণ দুই বন্ধু পাইলট আর মাকসুদ মেলা দেখে মুগ্ধ হয়েছে। আগেরবার তারা মেলা দেখতে আসেনি। আবারো মেলায় আসার আগ্রহ প্রকাশ করলো তারা দুজনেই।